প্রথম আলো

তারিখ 29 AUG 2017
পৃষ্ঠা 5 কলাম 2

# প্রশ্নপত্রে 'হাসিনা' নাম থাকায় প্রধান শিক্ষককে বরখাস্তের সুপারিশ!

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●

'হাসিনা' নাম ব্যবহার করে প্রশ্ন প্রণয়নের অভিযোগ এনে এক প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্তের সুপারিশ করেছে কুমিল্লার নাঙ্গলকোট উপজেলা শিক্ষা কমিটি। একই সঙ্গে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা ও ফৌজদারি মামলা করার সুপারিশও করা হয়েছে। গতকাল সোমবার নাঙ্গলকোট উপজেলা শিক্ষা কমিটির এক জরুরি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

ভুক্তভোগী শিক্ষকের নাম শেখ সায়দী। তিনি উপজেলার করাকোট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। ১৬ আগস্ট ওই বিদ্যালয়ে অনুষ্ঠিত পঞ্চম শ্রেণির দ্বিতীয় সাময়িক পরীক্ষার ইসলাম ও নৈতিক শিক্ষা প্রশ্নপত্রের একটি প্রশ্নে 'হাসিনা' নামটি ব্যবহার করা হয়।

উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ওই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিনই এলাকায় প্রচারিত হয়, এই প্রশ্নে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কটূক্তি করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে নাঙ্গলকোট উপজেলা শিক্ষা কর্মকর্তা নবীর উদ্দিন প্রশ্নকর্তা প্রধান শিক্ষক শেখ সায়দীকে কারণ দর্শানোর নোটিশ পাঠান। তিন দিন আগে উপজেলা ছাত্রলীগের এক নেতা তাঁর ফেসবুকে এ নিয়ে একটি স্ট্যাটাস দিলে তোলপাড় শুরু হয়।

শিক্ষকের শাস্তির দাবিতে গতকাল সোমবার বেলা ১১টায় উপজেলা যুবলীগের উদ্যোগে নাঙ্গলকোটে বিক্ষোভ মিছিল হয়। মিছিলে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সামছুদ্দিনসহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীরা অংশ নেন। মিছিল শেষে তাঁরা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) দাউদ হোসেন চৌধুরীর কাছে স্মারকলিপি দেন। বেলা সাড়ে ১১টায় সামছুদ্দিন কালুর সভাপতিত্বে শিক্ষা কমিটির জরুরি সভায় ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত, বিভাগীয় শাস্তি এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা করার সিদ্ধান্ত হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতির জন্য
স্বাক্ষর